

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৪৭

আগরতলা, ২১ ডিসেম্বর, ২০২৪

**আগামীকাল ধলাই জেলায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ৬টি প্রকল্পের
উদ্বোধন ও নতুন ৭টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায়মন্ত্রী অমিত শাহ আগামীকাল ধলাই জেলার কুলাই আর এফ ভিলেজ ময়দানে ৬৬৮.৩৯ কোটি টাকার ৬টি উন্নয়ন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন ও ৭টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ যে ৬টি প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন সেগুলি হল- ধলাই জেলার ব্রুহাপাড়াতে ১ কোটি ৫৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত এস বি স্কুল, ৩৫ লক্ষ টাকা ব্যয়ে হেলথ এবং ওয়েলনেস সেন্টার, ১৯ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত বাজার শেড, ৪ কোটি ৮৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ধলাই জেলার বিরাশি মাইল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবন, ৩৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত উল্টাছড়াতে হেলথ এন্ড ওয়েলনেস সেন্টার, এবং আগরতলা আখাউড়া রোডে স্মার্ট সিটি প্রকল্পে ২৫ কোটি ৮৬ লক্ষ টাকা ব্যয়ে বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (এস টি পি)।

তাছাড়া এই অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে ৭টি নতুন প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করবেন সেগুলি হল আগরতলায় ১২০ কোটি টাকা ব্যয়ে সেন্ট্রাল ডিটেকটিভ ট্রেনিং ইন্সটিটিউট, ১২ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে আমবাসায় মহকুমা শাসকের নতুন অফিস বিল্ডিং, ১৯ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে গন্ডাতুইসায় মহকুমা হাসপাতাল, ৩৭ কোটি টাকা ব্যয়ে জিরানীয়ায় অ্যাপ্রোচ রোড-সহ ২টি রেলওয়ে ওভারব্রিজ, ৪০ কোটি ৩৮ লক্ষ টাকা ব্যয়ে খোয়াই-এর পদ্মাবিল আর ডি ব্লকের অধীন দেবেন্দ্র চৌধুরী পাড়া (বেলছড়া) থেকে ছনখলা পর্যন্ত রাস্তা নির্মাণ, ১১টি শহরে ৮৮ কোটি ১৫ লক্ষ টাকা ব্যয়ে বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ এবং আগরতলায় ৩১৮ কোটি টাকা ব্যয়ে ১৬ কিমি প্রধান রাস্তার উন্নতিকরণ। এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সাংসদ শ্রীমতী কৃতিদেবী দেববর্মন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, স্বরাষ্ট্র মন্ত্রকের অতিরিক্ত সচিব (উত্তর পূর্ব) পীযুষ গোয়েল এবং রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা সহ অন্যান্য অতিথিগণ।
